



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

রেমিট্যান্স সেল, আইটি বিভাগ

ফোন : ৪১০৫০৫৭৮

তারিখ : ০৫.১২.২০১৯

সূত্র নং-৫৩.১৭.০০০০.০৭০.০৫.০০৮.১৭-৮৭(২৮৩)

সকল শাখা ব্যবস্থাপক
সকল আঞ্চলিক ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
কর্মসংস্থান ব্যাংক।

বিষয় : ০১.০৭. ২০১৯ হতে ১৬-১০-২০১৯ তারিখ পর্যন্ত পরিশোধকৃত রেমিট্যান্সের বকেয়া প্রণোদনা/নগদ সহায়তা (Incentive) প্রদান এবং নিয়মিত রেমিট্যান্স এবং Incentive এর অর্থ প্রদান।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। অত্র বিভাগের ১৭.১১.২০১৯ তারিখের পত্র নং-৫৩.১৭.০০০০.০৭০.০৫.০০৮.১৭-৭৬(২৮৩) অনুযায়ী ০১.০৭.২০১৯ হতে ১৬.১০.২০১৯ তারিখ পর্যন্ত সময়ে প্রদানকৃত ৮৬৪টি রেমিট্যান্সের প্রণোদনা/নগদ সহায়তা (Incentive) ৩০.১১.২০১৯ তারিখের মধ্যে প্রদানসহ নিয়মিত Incentive প্রদান করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল। উক্ত নির্দেশনা অনুযায়ী শাখাসমূহ ৮৬৪টির পরিবর্তে ৬৮৭টি রেমিট্যান্সের বকেয়া Incentive প্রদান করে ২৫ কলাম বিশিষ্ট বিবরণী প্রেরণ করেছে। বিবরণীতে বিভিন্ন কলামের তথ্য ফাঁকাসহ প্রচুর ভুল-ত্রুটি পাওয়া গেছে। এছাড়া বাংলাদেশ ব্যাংকের ২০.১১.২০১৯ তারিখের ২৯ নং সার্কুলার লেটারে Incentive প্রদান বিষয়ে শর্ত শিথিল করা হয়েছে (সংযুক্ত)।

০৩। এমতাবস্থায়, নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো :

ক) (i) ০১.০৭.২০১৯ হতে ১৬.১০.২০১৯ তারিখ পর্যন্ত পরিশোধকৃত রেমিট্যান্সের বকেয়া Incentive এর মধ্যে যে সকল Incentive ৩০.১১.২০১৯ তারিখের মধ্যে প্রদান করা যায়নি, সে সকল Incentive প্রদানের ক্ষেত্রে :

(১) উক্ত বকেয়া Incentive যত দ্রুত সম্ভব প্রদান করতে হবে।

(২) বকেয়া Incentive এর অর্থ প্রদেয় হিসাবে বুক করে রাখা যাবে না।

(৩) প্রদানকৃত/প্রদানতব্য বকেয়া Incentive এর অর্থ এনসিসি ব্যাংক হতে পুনর্ভরণ পাওয়ার সুবিধার্থে দিন শেষে **প্রতিদিনের বিবরণী প্রতিদিন সংযুক্তি-১** অনুযায়ী Excel এ ইংরেজীতে পূরণ করে Soft Copy রেমিট্যান্স সেলের ০৪টি (remitcell1@kb.gov.bd, remitcell2@kb.gov.bd, remitcell1@gmail.com, remitcell2@gmail.com) ঠিকানায় **সরাসরি ই-মেইলের মাধ্যমে প্রেরণ করতে হবে।**

(৪) যাদের বকেয়া Incentive প্রদান করা যাবে না, তারা ভবিষ্যতে অভিযোগ করলে শাখার সমস্যা হওয়াসহ ব্যাংকের ভারমুক্তি ফ্লু হতে পারে। তাই যে সকল প্রাপক বকেয়া Incentive গ্রহণ করতে আসবেন না, যে সকল প্রাপকের নামে **এডি ডাকে** পত্র প্রেরণ করে প্রাপ্তি স্বীকারপত্র/প্রাপকের মোবাইলে **এসএমএস প্রেরণ** করে এসএমএসটি সংরক্ষণ করে রাখতে হবে।

(ii) **নিয়মিত রেমিট্যান্স এবং Incentive এর অর্থ প্রদানের ক্ষেত্রে :**

(১) **শাখা কর্তৃক** নিয়মিত রেমিট্যান্স এবং Incentive এর অর্থ প্রদান করার পর **প্রতিদিন বিবরণী প্রেরণ না করে** পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট মাসে যে কয়টি রেমিট্যান্স পরিশোধ করা হয়েছে, সে কয়টি রেমিট্যান্সের মাসভিত্তিক তথ্যাদির বিবরণী **সংযুক্তি-১** অনুযায়ী ইংরেজীতে Excel এ তৈরী করে Soft Copy সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে ই-মেইলের মাধ্যমে প্রেরণ করতে হবে এবং শাখায় **পুঞ্জিতভাবে (Cumulatively) সংরক্ষণ** করতে হবে।

(২) **সর্বোচ্চ ১,৫০০** (এক হাজার পাঁচশত) মার্কিন ডলার/সমমূল্যের অন্যান্য বৈদেশিক মুদ্রা/১,৫০,০০০.০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার রেমিট্যান্স প্রদানের জন্য প্রেরকের কোন প্রকার **কাগজপত্র ছাড়াই Incentive** প্রদান করতে হবে।

(৩) প্রাপক কর্তৃক পরবর্তী **০৫ (পাঁচ) কর্মদিবসের পরিবর্তে ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে** কাগজপত্র দাখিল করলে Incentive প্রদান করা যাবে।

খ) **আঞ্চলিক কার্যালয়** কর্তৃক অঞ্চলাধীন শাখাসমূহের বিবরণী শাখাভিত্তিক Compile করে সফটকপি প্রতি মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ে ই-মেইলের মাধ্যমে প্রেরণ করতে হবে।

গ) **বিভাগীয় কার্যালয়** কর্তৃক বিভাগের আওতাধীন আঞ্চলিক কার্যালয়ের তথ্যাদি শাখাভিত্তিক Compile করে সফটকপি **১০ (দশ)** তারিখের মধ্যে রেমিট্যান্স সেলের ০৪টি (remitcell1@kb.gov.bd, remitcell2@kb.gov.bd, remitcell1@gmail.com, remitcell2@gmail.com) ঠিকানায় ই-মেইলের মাধ্যমে প্রেরণ করতে হবে।


০৪। অঞ্চলাধীন/বিভাগের আওতাধীন শাখাসমূহ যাতে দ্রুততম সময়ে বকেয়া Incentive প্রদানসহ নিয়মিত রেমিট্যান্স এবং Incentive এর অর্থ প্রদান করে ২৬ কলাম বিশিষ্ট বিবরণীর সফটকপি যথাসময়ে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করে, সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়কে অনুরোধ করা হলো। এছাড়া অঞ্চলাধীন/বিভাগের আওতাধীন শাখাসমূহ যাতে মাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী রেমিট্যান্স পরিশোধ করে, সে ব্যাপারেও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়কে অনুরোধ করা হলো।

০৫। এ বিষয়ে আরও স্পষ্টীকরণের প্রয়োজন হলে রেমিট্যান্স সেলের সহকারী মহাব্যবস্থাপক জনাব প্রদীপ কুমার মজুমদার (ফোন : ০২-৪১০৫০৫৭৮, মোবাইল : ০১৭০৮-৩৯৭৩৪১, ০১৭১২-০৬৬৮৯৯) অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সিনিয়র অফিসার জনাব মোঃ রাশেদুল ইসলাম (মোবাইল : ০১৭০৮-৩৯৭১০০, ০১৭১৫-৩২৪২১৬) এর সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তি : ০২ (দুই) পাতা।

আপনার বিশ্বস্ত




(মোঃ আলা উদ্দিন)
উপ-মহাব্যবস্থাপক

তারিখ : ঐ

সূত্র নং-৫৩.১৭.০০০০.০৭০.০৫.০০৮.১৭-৮৭(২৮৩)(২২)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সংশ্লিষ্ট সকলকে ব্যাংকের ওয়েবসাইট থেকে কপি সংগ্রহ করার অনুরোধসহ) :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক।
- ০৫। বোর্ড সচিব, পর্যদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ উপ-বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। অফিস নথি।



(প্রদীপ কুমার মজুমদার)
সহকারী মহাব্যবস্থাপক

নিম্নের ছকে নমুনা হিসেবে ০৪টি রেমিট্যান্সের তথ্যাদি পূরণ করে দেখানো হলো, যার ১মটি ০১.০৭.২০১৯ হতে ১৬.১০.২০১৯ তারিখ পর্যন্ত সময়ে পরিশোধকৃত রেমিট্যান্সের বকেয়া (Arrear) Incentive পরিশোধের ক্ষেত্রে, ২য়টি নিয়মিত রেমিট্যান্স ও Incentive উভয় পরিশোধের ক্ষেত্রে, ৩য়টি প্রেরকের কাগজপত্র দিতে না পারায় শুধুমাত্র রেমিট্যান্স পরিশোধের ক্ষেত্রে এবং ৪র্থটি ১৫ কর্মদিবসের মধ্যে প্রেরকের কাগজপত্র দাখিল করায় পেভিং Incentive পরিশোধের ক্ষেত্রে :

Daily Foreign Remittance Delivery Statement

Sl. No.	PIN	Date	Code of MTO	Name of MTO	Remit Amount in BDT	Incentive Amount	Sub-Total (Remit Amount+Incentive)
1	2	3	4	5	6	7	8 = (6+7)
A	B	C	D	E	F	G	H
1	04008761	27-Jul-19	21	Moneygram Online Cash	-	1300.48	1300.48
2	330336879966	28-Nov-19	01	PLC Online Cash	60011.92	1200.23	61212.15
3	194481165999	17-Nov-19	15	ANB	215128.31	-	215128.31
4	194481165999	17-Nov-19	15	ANB	-	4302.56	4302.56

Commission	Total (Rem. Am +Inct+Comm.)	Name of Branch	Branch Code	Name of Region	Reference No	Name of Receiver	Photo ID No.	Photo Id Type
9	10 = (8+9)	11	12	13	14	15	16	17
I	J	K	L	M	N	O	P	Q
-	1300.48	Jamuna	997	Comilla	04008761	Sohal Zaman	1013313563452	1
100.00	61312.15	Meghna	936	Bogra	330336879966	Md Malick	0130005003	1
-	215128.31	Padma	902	Jessore	194481165999	Aoyto Nasa	BZ0464590	2
-	4302.56	Padma	902	Jessore	194481165999	Aoyto Nasa	BZ0464590	2

Status Incentive	Phone No.	Name of Sender	Mode of Payment	Country	KB Staff (Yes/No)	KB Borrower (Yes/No)	Incentive Pay Date	Remarks
18	19	20	21	22	23	24	25	26
R	S	T	U	V	W	X	Y	X
1	01888-794742	Sajed Paramanic	Online	Malaysia	No	Yes	12-Nov-19	Arrear Incentive Paid
1	01777-062061	Masem Ullah	Online	Qatar	Yes	No	28-Nov-19	Both Remittance & Incentive Paid
0	01666-662066	Rahul Latmiah	Cash	KSA	No	No	-	Incentive Pending
1	01666-662066	Rahul Latmiah	Cash	KSA	No	No	23-Nov-19	Pending Incentive Paid

মন্তব্য : ক) কোন কলাম ফাঁকা রেখে বিবরণী প্রেরণ করা হলে বা মনগড়া ফরমাটে বিবরণী প্রেরণ করা হলে বা ভুল তথ্য দিয়ে বিবরণী প্রেরণ করা হলে বা সময়মত বিবরণী প্রেরণ করা না হলে বা আদৌ বিবরণী প্রেরণ করা না হলে, সে সকল রেমিট্যান্স এবং বকেয়া Incentive/নিয়মিত Incentive এর অর্থের পুনর্ভরণ এনসিসি ব্যাংক হতে পাওয়া যাবে না বিধায় উক্ত রেমিট্যান্স এবং বকেয়া Incentive/নিয়মিত Incentive এর অর্থের জন্য শাখার সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ দায়ী থাকবেন।

খ) ছকের কোন শব্দ পরিবর্তন/পরিবর্ধন করা যাবে না এবং কলাম সংখ্যা কমানো/বাড়ানো যাবে না। কলাম সংখ্যা ২৬টিই থাকবে, যা Excel Sheet এর A থেকে শুরু হয়ে Z কলামে শেষ হবে।

গ) ছকের কোন Column/Row Merge/Hide যাবে না।

ঘ) ছকের 4 নং কলামে যথাযথ MTO কোড এবং 5 নং কলামে যথাযথ MTO এর ইংরেজীতে পূর্ণ নাম লিখতে হবে। যেমন-রিয়া এর MTO কোড 05 (এক ডিজিটের কোড হলে প্রথমে শূন্য হবে) এবং MTO এর নাম Continental Exchange Solutions (Ria) লিখতে হবে। কোনভাবেই ইংরেজী নামের কোন বর্ণ/শব্দ কমানো/বাড়ানো যাবে না। রেমিট্যান্স সেল থেকে পেমেন্ট স্লীপ প্রেরণের সময় ই-মেইলের Subject এ MTO এর সংক্ষিপ্ত নাম উল্লেখ করা হয় এবং অত্র বিভাগের ১৭.১১.২০১৯ তারিখের পত্র নং-৫৩.১৭.০০০০.০৭০.০৫.০০৮.১৭-৭৭(২৮৩) এর ০৩(ঘ) নং অনুচ্ছেদের ২ নং কলামে MTO এর Code এবং ৩ নং কলামে MTO এর ইংরেজী নাম রয়েছে বিধায় কোন অজুহাতেই MTO এর কোড ও নাম ভুল লেখা যাবে না।


ঙ) ছকের ৩ নং কলামে d-yyy-yy ফরমাট সিলেক্ট করে তারিখ লিখতে হবে। এখানে d = দিন, mmm = মাসের প্রথম ৩ অক্ষর (যেমন-সেপ্টেম্বরের ক্ষেত্রে Sep) এবং yy = বছরের শেষ ২ ডিজিট (যেমন-2019 সন হলে 19)। কোন কম্পিউটারের সিস্টেমে dd থাকলেও তা গ্রহণযোগ্য। ফরমাটটি সিলেক্ট করার জন্য করণীয় : তারিখ লেখার কলামের Cell সিলেক্ট করে রাইট মাউসে ক্লিক ~ Format Cells এ ক্লিক ~ Number এ ক্লিক ~ Custom Category এ ক্লিক ~ d-yyy-yy Type সিলেক্ট করা ~ OK এ ক্লিক।

চ) Pin, MTO Code, Reference No., ID No. এবং Phone No. লেখার কলামের Cell Text করে নিতে হবে। এতে প্রথম ডিজিট '0' হলে তা স্বয়ংক্রিয়ভাবে Delete হয় না। Text করা না থাকলে প্রথম ডিজিট '0' হলে তা লিখলেও স্বয়ংক্রিয়ভাবে Delete হয়ে যায়। Text করার জন্য করণীয় : প্রযোজ্য Cell সিলেক্ট করে রাইট মাউসে ক্লিক ~ Format Cells এ ক্লিক ~ Number এ ক্লিক ~ Text সিলেক্ট করা ~ OK এ ক্লিক।

ছ) Pin, MTO Code, Reference No., ID No., Phone No., টাকা এবং শাখা কোড লেখার সময় শুরুতে বা মধ্যে বা শেষে কোন স্পেস বা হাইফেন দেয়া যাবে না।

জ) ১৭ সংখ্যার NID No. ও Birth Certificate No. লেখার পূর্বে একটি Apostrophe (') দিয়ে No. লিখতে হবে। নতুবা শেষের এক বা একাধিক শূন্য ব্যতীত অংক স্বয়ংক্রিয়ভাবে শূন্য হয়ে যায়।

ঝ) ছকের উপরে শাখার নাম, লোগো এবং নীচে স্বাক্ষর, স্বাক্ষরকারীর নাম থাকবে না।



বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার লেটার নং-২৯

তারিখঃ অগ্রহায়ণ ৫, ১৪২৬
নভেম্বর ২০, ২০১৯

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

বিষয় : বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়গণ,

শিরোনামোক্ত বিষয়ে জারীকৃত এফই সার্কুলার নং-৩১ তারিখঃ ০৬/০৮/২০১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলার এর ১(গ) নং অনুচ্ছেদটি নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হলো-

“একজন প্রবাসীর রেমিট্যান্সের উপর প্রতিবারে সর্বোচ্চ মাঃডঃ ১৫০০ (এক হাজার পাঁচশত)/ সমমূল্যের অন্যান্য বৈদেশিক মুদ্রা/ টাকা ১,৫০,০০০.০০(এক লক্ষ পঞ্চাশ হাজার) অর্থের জন্য ২ শতাংশ হারে কোন প্রকার কাগজপত্র ব্যতিরেকে প্রণোদনা সুবিধা প্রযোজ্য হবে;”

০৩। এফই সার্কুলার-৩১ এর ৬(ঘ) নং অনুচ্ছেদে প্রাপক কর্তৃক কাগজপত্রাদি দাখিলের সময়সীমা ০৫(পাঁচ) কার্যদিবস হতে বর্ধিত করে ১৫(পনের) কার্যদিবস পর্যন্ত করা হলো।

০৪। এ প্রসঙ্গে অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৫। অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

০৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মাদ খুরশীদ ওয়াহাব)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১২৩